তিতাস গ্যাস ট্রান্সমিসন এন্ড ডিস্ট্রিবিউশন পিএলসি
তিতাস গ্যাস ভবন, ১০৫- কাজী নজরুল ইসলাম এভিনিউ, কাওরান বাজার বা/এ, ঢাকা- ১২১৫।
www.titasgas.gov.bd

----

তারিখ: ১৪ আষাঢ় ১৪৩৩
২৮ জুন ২০২৬

**নম্বর:** ২৮.১৩.০০০০.০০০.০২২.২২.০০০১.২৬.১৩৮

**দপ্তরাদেশ নং-২০/২০২৬**

**বিষয়: বিভাগ/শাখার দায়িত্ব প্রদান প্রসঙ্গে।**

১। কোম্পানীর বিভাগ/শাখার দায়িত্ব প্রদান বিষয়ে বিভাগ/শাখার দায়িত্ব প্রদান আদেশ জা রির লক্ষ্যে বিভিন্ন দপ্তর হতে নথি পার্সোনেল বিভাগে প্রেরণ করা হয়। ফলে পার্সোনেল বিভাগ/ সংশ্লিষ্ট কর্তৃপক্ষের মূল্যবান কর্মঘন্টা নষ্ট হয়। এতদসংক্রান্ত সমস্যা নিরসনকল্পে কোম্পানীর বিভাগ/শাখা প্রধানগণের সাময়িক ছুটি/অনুপস্থিতিকালীন কাজের গতিশীলতা অক্ষুণ্ন রাখার লক্ষ্যে সংশ্লিষ্ট পদের দায়িত্ব প্রদানের বিষয়ে নিম্নলিখিত নির্দেশনা প্রদান করা হলো:

১.১) বিভাগীয় প্রধান সর্বোচ্চ ০৩ (তিন) দিন পর্যন্ত ছুটিতে থাকলে সংশ্লিষ্ট বিভাগের জ্যেষ্ঠতম ব্যবস্থাপক স্বয়ংক্রিয়ভাবে বিভাগীয় প্রধানের দায়িত্ব পালন করবেন;

১.২) শাখা প্রধান সর্বোচ্চ ০৩ (তিন) দিন পর্যন্ত ছুটিতে থাকলে সংশ্লিষ্ট শাখার জ্যেষ্ঠতম উপব্যবস্থাপক স্বয়ংক্রিয়ভাবে শাখা প্রধানের দায়িত্ব পালন করবেন;

১.৩) বিভাগীয় প্রধানের ছুটির মেয়াদকাল ০৩ (তিন) দিনের অধিক  হতে সর্বোচ্চ ১০ (দশ) দিন পর্যন্ত হলে ব্যবস্থাপনা পরিচালকের অনুমোদনক্রমে বিভাগের জ্যেষ্ঠতম ব্যবস্থাপক বিভাগীয় প্রধানের সাময়িক দায়িত্ব পালন করবেন। সাময়িক দায়িত্ব প্রদান আদেশ সংশ্লিষ্ট ডিভিশন/বিভাগ কর্তৃক প্রস্তুতপূর্বক ডিভিশন প্রধান স্বাক্ষর করবেন এবং পার্সোনেল বিভাগকে অবহিত করবেন;

১.৪) শাখা প্রধানের ছুটির মেয়াদকাল ০৩ (তিন) দিনের অধিক  হতে সর্বোচ্চ ১০ (দশ) দিন পর্যন্ত হলে সংশ্লিষ্ট ডিভিশন প্রধানের অনুমোদনক্রমে শাখার জ্যেষ্ঠতম উপব্যবস্থাপক শাখা প্রধানের দায়িত্ব পালন করবেন। সংশ্লিষ্ট শাখায় উপব্যবস্থাপক না থাকলে একই বিভাগের অন্য শাখার ব্যবস্থাপক শাখা প্রধানের দায়িত্ব পালন করবেন। সাময়িক দায়িত্ব প্রদান আদেশ সংশ্লিষ্ট বিভাগ কর্তৃক প্রস্তুতপূর্বক ডিভিশন প্রধানের অনুমোদনক্রমে বিভাগীয় প্রধান স্বাক্ষর করবেন এবং পার্সোনেল বিভাগকে অবহিত করবেন;

১.৫) বিভাগ/শাখা প্রধানের ১০ (দশ) দিনের অধিক অর্থাৎ দীর্ঘমেয়াদি ছুটি বা শূন্য পদের বিপরীতে দায়িত্ব প্রদানের ক্ষেত্রে ব্যবস্থাপনা পরিচালকের অনুমোদনক্রমে উপমহাব্যবস্থাপক (পার্সোনেল) দায়িত্ব প্রদান আদেশ স্বাক্ষর করবেন;

১.৬) চলতি দায়িত্ব বা অতিরিক্ত দায়িত্ব পালনের জন্য একাধারে ন্যূনতম ২১ (একুশ) দিন দায়িত্ব পালন সাপেক্ষে কার্যভার ভাতা প্রাপ্য হবেন।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এতদসংক্রান্ত পূর্বের আদেশ বাতিলপূর্বক এ দপ্তরাদেশ জারি করা হলো, যা অবিলম্বে কার্যকর হবে।

২৮-০৬-২০২৬
হাছান আহম্মদ
মহাব্যবস্থাপক (প্রশাসন)
ফোন : ৫৮১৫৫৪৭২
ফ্যাক্স : ৮১৮৯১৯০
ইমেইল : gm.admn.titas@gmail.com

নম্বর: ২৮.১৩.০০০০.০০০.০২২.২২.০০০১.২৬.১৩৮/১ (১১)

তারিখ: ১৪ আষাঢ় ১৪৩৩
২৮ জুন ২০২৬

**অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মহাব্যবস্থাপক (সাধারণ) - সকল।।
২। মহাব্যবস্থাপক (কারিগরি)- সকল।।
৩। মহাব্যবস্থাপক (হিসাব)- সকল।।
৪। উপমহাব্যবস্থাপক (সাধারণ)- সকল।
৫। উপমহাব্যবস্থাপক (কারিগরি)- সকল।
৬। উপমহাব্যবস্থাপক (হিসাব)- সকল।
৭। ব্যবস্থাপক (সাধারণ)- সকল।
৮। ব্যবস্থাপক (কারিগরি)- সকল।
৯। ব্যবস্থাপক (হিসাব)- সকল।
১০। ব্যবস্থাপক (একান্ত সচিব, ব্যবস্থাপনা পরিচালক), ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, তিতাস গ্যাস ট্রান্সমিসন এণ্ড ডিস্ট্রিবিউশন পিএলসি।
১১। অফিস কপি।

২৮-০৬-২০২৬
হাছান আহম্মদ
মহাব্যবস্থাপক (প্রশাসন)